

ধর্ম সঙ্গীত

দুঃস্বপ্নে আতঙ্কে রক্ষা করিলে অঙ্কে

স্নেহময়ী তুমি মাতা

জনগণদুঃখত্রায়ক জয় হে ভারত-ভাগ্যবিধাতা ।

জয় হে, জয় হে, জয় হে, জয়, জয় জয়, জয় হে ॥

রাত্রি প্রভাতিল উদিল রবিচ্ছবি পূর্ব উদয়গিরিভালে,

গাহে বিহঙ্গম, পুণ্য সমীরণ নবজীবনরস ঢালে ।

তব করুণারুণরাগে নিদ্রিত ভারত জাগে

তব চরণে নত মাথা ।

জয় জয় জয় হে জয় রাজেশ্বর ভারত-ভাগ্যবিধাতা

জয় হে, জয় হে, জয় হে, জয়, জয় জয়, জয় হে ॥

* বাজে বাজে রমা বীণা বাজে—

অমল কমলমাবে, জ্যোৎস্না রজনীমাবে,

কাজল ঘনমাবে, নিশি-আঁধারমাবে,

কুসুম-স্বরভিমাবে বীণ-রগন শুনি যে

প্রেমে প্রেমে বাজে ॥

* এই গানের প্রথম শ্লোকটি একটি পাঞ্জাবী গানের অনুবাদ ।

গান

নাচে নাচে রম্য তালে নাচে—
তপন তারা নাচে, নদী সমুদ্র নাচে,
জন্ম মরণ নাচে, যুগ যুগান্ত নাচে,
ভকত-হৃদয় নাচে বিশ্বচ্ছন্দে মাতিয়ে
প্রেমে প্রেমে নাচে ॥

সাজে সাজে রম্য বেশে সাজে—
নীল অম্বর সাজে, উষা সন্ধ্যা সাজে,
ধরণীধূলি সাজে দীন দুঃখী সাজে,
প্রণত চিত্ত সাজে বিশ্বশোভায় লুটায়ৈ-
প্রেমে প্রেমে সাজে ॥

কোন্ শুভখনে উদিবে নয়নে
অপরূপ রূপ-ইন্দু ;
চিত্তকুসুমে ভরিয়া উঠিবে
মধুময় রসবিন্দু ॥

নব-নন্দনতানে চিরবন্দনগানে
উৎসববীণা মন্দমধুর ঝঙ্কত হবে প্রাণে-
নিখিলের পানে উথলি উঠিবে
উতলা চেতনাসিন্ধু ॥